# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-05-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নবম থেকে দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের জন্য আজ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। ৩১ মে-র মধ্যে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করার আদেশ দিয়েছিল শীর্ষ আদালত।

নতুন করে চাকরির পরীক্ষায় না বসার দাবিতে অনড় আন্দোলনকারীদের মহা-মিছিলকে কেন্দ্র করে আজ শিয়ালদা-ধর্মতলা এবং সল্টলেকে দফায় দফায় উত্তেজনা।

২) আলিপুরদুয়ারে প্রধানমন্ত্রীর সভায় যোগ দিতে যাওয়ার সময় দলীয় কর্মীদের ওপর আক্রমণের তীব্র নিন্দা করেছে বিজেপি।

৩) নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন সেখানে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে। প্রয়োজনে এই সংখ্যা আরও বাড়তে পারে বলে নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানানো হয়েছে।

৪) কোচবিহারের দীনহাটা থেকে ২৮ জন বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেফতার করেছে।

৫) বঙ্গোপোসাগরে সৃষ্ট নিম্নচাপটি আরও উত্তর-পূর্বদিকে অগ্রসর হওয়ায় আগামী দু-দিন উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নবম দশম ও একাদশ দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের জন্য আজ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। ৩১ মে-র মধ্যে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করার আদেশ দিয়েছিল শীর্ষ আদালত। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ১৬ জুন বিকেল পাঁচটা থেকে অনলাইনে আবেদন জানানো যাবে। আবেদন জানানোর শেষ তারিখ ১৪ জুলাই বিকেল পাঁচটা পর্যন্ত। সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে লিখিত পরীক্ষা হবে। ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে। সাধারণ এবং ওবিসি শ্রেণিভুক্ত পরীক্ষার্থীদের আবেদনের ফি ৫০০ টাকা এবং তফসিলি জাতি, উপজাতি, বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থীদের জন্য ফি ২০০ টাকা।

স্কুল সার্ভিস কমিশন বিজ্ঞপ্তিতে জানিয়েছে, নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে। ৬০ নম্বরের ওএমআর ভিত্তিক লিখিত পরীক্ষা নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতার ওপর সর্বোচ্চ ১০ নম্বর থাকবে। শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে সর্বোচ্চ ১০ নম্বর দেওয়া হবে। ইন্টারভিউয়ের জন্য ১০ নম্বর ও লেকচার ডেমনস্ট্রেশনের জন্য ১০ নম্বর থাকবে। প্রথম কাউন্সেলিংয়ের তারিখ থেকে এক বছর পর্যন্ত প্রতিটি প্যানেল ও ওয়েটিং লিস্ট বৈধ থাকবে। পরীক্ষার উত্তরপত্র বা ওএমআর সিটগুলি প্যানেলের মেয়াদ পার হয়ে যাওয়ার পর দু'বছর পর্যন্ত সংরক্ষণ করা হবে। ওএমআর সিটের স্ক্যান করা প্রতিলিপি প্যানেলের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর দশ বছর পর্যন্ত সংরক্ষণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নতুন করে চাকরির পরীক্ষায় না বসার দাবিতে অনড় আন্দোলনকারীদের মহামিছিল কর্মসূচীকে ঘিরে আজ সকাল থেকে শিয়ালদা, ধর্মতলা এবং সল্টলেকে দফায় দফায় উত্তেজনা ছড়ায়। সকালে মিছিলের জন্য শিয়ালদা স্টেশন চত্বরে জমায়েত শুরু হতেই, শুরু হয় ধরপাকড়।
একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – সুমন)

শিয়ালদা স্টেশনে শিক্ষকদের ওপর পুলিশের বলপ্রয়োগের প্রতিবাদে বিজেপি আজ সেখানে বিক্ষোভ দেখিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং কয়েকজন বিধায়ক সেখানে উপস্থিত ছিলেন।

চাকরিহারা শিক্ষকদের শান্তিপূর্ণ প্রতিবাদে পুলিশী পদক্ষেপের তীব্র নিন্দা করেছে কংগ্রেস। বিষয়টি নিয়ে সর্বদলীয় বৈঠক ডাকার দাবি করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। বিধানসভাতেও আলোচনার দাবি জানিয়েছেন তিনি।

আন্দোলনকারী শিক্ষকদের গ্রেফতারি প্রসঙ্গে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। মুখ্যমন্ত্রীর নির্দেশে আন্দোলনকারী শিক্ষকদের সাথে মধ্যযুগীয় বর্বরতা নামিয়ে আনা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

(বাইট – অধীর)

ooooooooooooooooooooooooo

যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের প্রতিবাদ মিছিল রোধে পুলিশ তৎপরতার নিন্দা করেছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি STEA । সংগঠনের সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেছেন, সততা এবং যোগ্যতা বর্তমান প্রশাসনের চক্ষুশূল। তিনি অবিলম্বে গ্রেফতার হওয়া শিক্ষক-শিক্ষাকর্মীদের মুক্তির দাবি জানান।

শিক্ষকদের ওপর পুলিশী বল প্রয়োগের অভিযোগ তুলে তীব্র নিন্দা করেছে, বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি। সংগঠনের সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা, বলেন, যোগ্য শিক্ষকদের প্রতি সরকার সহানুভূতিশীল নয়।

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পদ্ধতিতে দুর্নীতির সুযোগ রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আলিপুরদুয়ারে প্রধানমন্ত্রীর সভায় যোগ দিতে যাওয়ার সময় দলীয় কর্মীদের ওপর আক্রমণের তীব্র নিন্দা করেছে বিজেপি। আজ কলকাতায় সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ২২ জন কর্মী আহত হয়ে হাসপাতালে ভর্তি। বিশেষ সম্প্রদায়ভূক্ত এলাকাগুলিতে এই হামলা হয়েছে। বিষয়টি নিয়ে বিজেপি আইনী পথে লড়াই করবে। পাশাপাশি বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে হিন্দুদের ওপর যেভাবে আক্রমণ হচ্ছে, নির্বাচন কমিশনের কাছে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য দল দাবি জানাবে।

(বাইট – শুভেন্দু)

এদিকে, বিজেপি  বাংলাদেশের মতুয়া ও বৈষ্ণবদের ওপর অত্যাচারের ঘটনায় উপযুক্ত ব্যবস্থা নেবার দাবি জানিয়েছে। শুভেন্দু অধিকারির নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল আজ বাংলাদেশের ডেপুটি হাই-কমিশনারের কাছে এই দাবি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বোলপুরের আইসিকে ফোন করে অশ্রাব্য ভাষা প্রয়োগ নিয়ে বিতর্কের মাঝে দলের নির্দেশে পুলিশের কাছে ক্ষমা চেয়েছেন বীরভূমের তৃনমুল নেতা অনুব্রত মণ্ডল। চিঠি লিখে ক্ষমা চাওয়ার পাশাপাশি বোলপুরের আইসির সঙ্গে তাঁর কথোপকথনের অডিয়ো কী ভাবে ফাঁস হল সেই প্রশ্ন তুলেছেন অনুব্রত। উল্লেখ্য সমাজ মাধ্যমে ভাইরাল অডিয়ো

ক্লিপ ছড়িয়ে পড়তেই দুপুরে অনুব্রত-কে নিঃশর্ত ক্ষমা চাইতে বলেছিল তৃণমূল। এর জন্য চার ঘন্টা সময় দেওয়া হয়েছিল তাকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি পুলিশ আধিকারিকের পরিবারের মহিলাদের প্রতি অসম্মানজনক মন্তব্যের জন্য অনুব্রত মণ্ডলের কঠোর শাস্তির দাবি করেছে। পাশাপাশি একজন অধস্তন পুলিশ আধিকারিকের প্রতি অন্যায়ের জন্য পুলিশ মন্ত্রীর পদত্যাগও দাবি করা হয়েছে। কলকাতায় আজ রানী অহল্যাবাই হোলকরের ৩০০তম জন্মবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভায় দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, অহল্যাবাই যেভাবে দেশের প্রতিটি ক্ষেত্রে অবদান রেখেছেন তা নিদর্শন। রানী অহল্যাবাই প্রজাবৎসল প্রশাসক হলেও, রাজ্যের মুখ্যমন্ত্রী প্রজাদের লুট করছেন। শ্রী মজুমদার অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী ভারতীয় সেনার কৃতিত্বকে ছোট করে দেখানোর চেষ্টা করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রসার ভারতীর দৃশ্য-শ্রাব্য সম্প্রচার এবং প্রসার মাধ্যম 'PB SHABD'– এ নিবন্ধিকরণের জন্য youtuber, podcaster এবং ভিডিও এডিটরদের আহ্বান জানানো হয়েছে। কপিরাইটহীন মূল কন্টেন্ট যাতে সুরক্ষিতভাবে ব্যবহার করা যায়, তার জন্য একটা সর্বজনীন উৎস হল PB SHABD Youtuber ।

ভিডিও নির্মাতাদের জন্য বিনামূল্যে দেওয়া কন্টেন্ট ৬০টি এডিট ডেস্কের অধীনে এখানে পাওয়া যাবে। দূরদর্শন এবং আকাশবাণীর মত বিশ্বস্ত সূত্রের তথ্য ভান্ডার সারা দেশের নিউজ পোর্টালগুলি এর মাধ্যমে হাতের নাগালে পেতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন সেখানে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে। সেখানকার আইন-শৃঙ্খলার পরিস্থিতি বিবেচনা করে আগামী দিনে এই সংখ্যা আরো বাড়ানো হতে পারে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। নির্বাচনের দিনক্ষণ ঘোষণার সঙ্গে সঙ্গেই সংশ্লিষ্ট জেলায় নির্বাচনী আদর্শ আচরন বিধি  কার্যকরী হয়েছে। উল্লেখ্য আগামী ১৯ শে জুন এই কেন্দ্রে ভোট নেওয়া হবে, গণনা তেইশে জুন।

এই আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নার্সিং এর কাজে সারা দেশের মধ্যে সেরা ১৫ জনকে এবার ভারত সরকারের সর্বোচ্চ ফ্লোরেন্স নাইটেঙ্গেল পুরস্কার দেওয়া হয়। কলকাতার একটি বেসরকারি হাসপাতালের কর্মী ডলি বিশ্বাস এ রাজ্য থেকে এই বিশেষ সম্মান পেয়েছেন। ২০১৯ সালে কোভিড আক্রান্তদের সেবার জন্য ২০২২ এ তিনি কোভিড যোদ্ধা সম্মানে ভূষিত হয়েছিলেন। ২০২৪ এ তিনি দিল্লি থেকে কলকাতাগামী ইন্ডিগোর ফ্লাইটে হৃদরোগে আক্রান্ত এক যাত্রীর প্রাণ রক্ষা করে ভূয়সী প্রশংসা অর্জন করেন। আজ নতুন দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাত থেকে সম্মান গ্রহণের পর আকাশবাণীকে তিনি বলেন, আগামী দিনে নার্সিং এর পড়ুয়াদের ভালো করে তৈরি করাই তাঁর জীবনের মূল লক্ষ্য।

(বাইট - ডলি বিশ্বাস)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জীব বৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশ সচেতনতা বৃদ্ধির লক্ষে হাওড়ার বটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার আচার্য্য জগদীশচন্দ্র বসু ইন্ডিয়ান বটানিক গার্ডেনে বেশ কয়েকটি পরিবেশ বান্ধব বিভাগ ও সুবিধার সূচনা হয়েছে। উদ্বোধন করেন, পরিবেশ, বন ও

জলবায়ু পরিবর্তন মন্ত্রকের যুগ্ম সচিব নমিতা প্রসাদ। উপস্থিত ছিলেন, বটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অধিকর্তা ডক্টর এ এ মাও। ঘরের শোভা বৃদ্ধির জন্য ব্যবহৃত নানা প্রজাতির গাছের চারা বিক্রয় কাউন্টারেরও এদিন সূচনা হয়েছে। সাংবাদিকদের কাছে শ্রীমতী প্রসাদ বলেন, পরিবেশ সংরক্ষণের দিক থেকে বটানিক্যাল গার্ডেনের সুখ্যাতি রয়েছে।

(বাইট – নমিতা প্রসাদ)

oooooooooooooooooooooooo

কোচবিহারের দিনহাটা থেকে ২৮ জন বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে আট জন মহিলা এবং নটি শিশু। গতকাল মধ্যরাতে দিনহাটা স্টেশন চত্বর থেকে এদের গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ সূত্রের খবর। আজ তাদের আদালতে তোলা হবে।

পুলিশ জানিয়েছে, বেশ কয়েক বছর ধরে এরা হরিয়ানায় শ্রমিকের কাজ করতো। সেখানে বাংলাদেশীদের ধরপাকর শুরু হলে তিন মাস আগে তারা বিহারে চলে যায়। সেখানে ইট ভাটায় কাজ করার সময় বাংলাদেশী খোঁজা শুরু হলে তারা দেশে ফেরার জন্য দিনহাটায় এসেছিল।

oooooooooooooooooooooooo

বঙ্গোপোসাগরে সৃষ্ট নিম্নচাপটি আরও উত্তর-পূর্বদিকে অগ্রসর হয়ে উত্তর বাংলাদেশ ও সংলগ্ন মেঘালয়ের ওপর অবস্থান করছে। এর প্রভাবে আগামী দু-দিন উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা। কমলা সতর্কতা রয়েছে আলিপুরদুয়ার জেলার জন্য

অন্যদিকে, কালিম্পং, দার্জিলিং, জলপাইগুড়ি ও কোচবিহারে রয়েছে হলুদ সতর্কতা। দক্ষিণবঙ্গের দু-একটি জেলাতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে।

oooooooooooooooooooooooo

শিলিগুড়ির কুমারটুলি প্রাথমিক বিদ্যালয় মাঠে পুরুষ ও মহিলাদের তিন দিনের দৃষ্টি প্রতিবন্ধীদের ফুটবল গতকাল শেষ হয়েছে। পুরুষদের চারটি ও মহিলাদের তিনটি দল অংশ নিয়েছিল। পুরুষ বিভাগে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন, নবদ্বীপের আচার্য প্রফুল্ল চন্দ্র ব্লাইন্ড স্কুলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে।

মহিলা বিভাগে, ভীমগড় স্নেহাশ্রম দৃষ্টিহীন বিদ্যালয়, শিলিগুড়ির প্রেরণা ইনস্টিটিউটকে পরাজিত করে খেতাব জয় করেছে। পুরুষ বিভাগে মুসাদ্দিক সিপাই এবং মহিলা বিভাগে অন্বেষা রায় প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo